

**মোঃ জাহাঙ্গীর আলম**  
**সচিব**  
**স্বাস্থ্য সেবা বিভাগ**  
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

জনাব মোঃ জাহাঙ্গীর আলম ০৯ অক্টোবর, ২০২৩ তারিখ অপরাহ্নে স্বাস্থ্য সেবা বিভাগের সচিবের দায়িত্ব গ্রহণ করেন। এর আগে তিনি ১৯ মে ২০২২ হতে ০৮ অক্টোবর ২০২৩ পর্যন্ত সমাজকল্যাণ মন্ত্রণালয়ে সচিব হিসেবে দায়িত্ব পালন করেছেন।

জনাব মোঃ জাহাঙ্গীর আলম ১৯৬৬ সালের ১৭ অক্টোবর রংপুর জেলার পীরগঞ্জ উপজেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ হতে বি.এসসি (অনার্স) এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর হতে কৃষি বনায়ন ও পরিবেশ বিষয়ে এম.এস ডিগ্রি লাভ করেন। ০১ এপ্রিল ১৯৯৩ তারিখে তিনি বিসিএস (প্রশাসন) ক্যাডারের একাদশ ব্যাচের সদস্য হিসেবে সরকারি চাকুরিতে যোগদান করেন।

তিনি ২০১২ হতে নভেম্বর ২০১৬ পর্যন্ত মাননীয় প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব-১ হিসেবে সফলতার সাথে দায়িত্ব পালনসহ মাঠ প্রশাসনে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা নির্বাহী অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন। এ ছাড়াও তিনি শিক্ষা মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগে সিনিয়র সহকারী সচিব/উপসচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগে যুগ্মসচিব ও অতিরিক্ত সচিব এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে অতিরিক্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে দায়িত্ব পালনকালে তিনি সুন্দরবন গ্যাস ফিল্ডস কোম্পানি ও সিলেট গ্যাস ফিল্ডস কোম্পানির চেয়ারম্যান এবং বিভিন্ন কোম্পানির পরিচালক পদে সফলতার সঙ্গে দায়িত্ব পালন করেন।

তিনি আন্তর্জাতিক পর্যায়ে প্রশিক্ষণ, সভা, সেমিনার, কর্মশালা ও পরিদর্শনসহ বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণের জন্য ইরান, হাঙ্গেরী, ভারত, থাইল্যান্ড, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, সিঙ্গাপুর, ভিয়েতনাম, দক্ষিণ কোরিয়া, চীন, জাপান, যুক্তরাজ্য, ফ্রান্স, জার্মানি, ইতালি, সংযুক্ত আরব আমিরাত, রাশিয়া, সুইজারল্যান্ড, বেলজিয়াম, নেদারল্যান্ড, অস্ট্রিয়া, স্পেন, কানাডা, যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, সৌদি আরব ও মিশরসহ পৃথিবীর বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত। মোমেনা বেগম শিমু তাঁর স্ত্রী। তাঁদের দুই পুত্র ও এক কন্যা সন্তান রয়েছে।